



বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি  
(বিএসসিপিএলসি)  
(ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন একটি  
পাবলিক লিমিটেড কোম্পানি)  
www.bscplc.gov.bd



তারিখ: ২১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৪ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ১৪.৩৪.০০০০.০০০.৩০৩.২৭.০০০৯.২৫.৮৯

### অফিস আদেশ

যেহেতু, জনাব মো: শিহাব শাহরিয়ার, সহকারী ব্যবস্থাপক (চালনা, কক্সবাজার ল্যান্ডিং স্টেশন) গত ০৬/০৯/২০২৪ খ্রি. হতে ০৫/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ৩০ দিন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বহি: বাংলাদেশ ছুটি নিয়ে যুক্তরাষ্ট্র গমন করেন। তিনি বহি: বাংলাদেশ ছুটি শেষে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান না করে ০৬/১০/২০২৪ খ্রি. তারিখ হতে অদ্যাবধি (৬০ দিনের অধিক) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

যেহেতু, জনাব মো: শিহাব শাহরিয়ার এর অনুপস্থিতিকে বিএসসিপিএলসি কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০১৮ এর বিধি ৪৪(ঙ) মোতাবেক ‘পলায়ন (ডেজারশন)’ এর অপরাধ বিবেচনায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করত: (ডিপি কেস নং-০১, ২০২৫) অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় (নং-১৪.৩৪.০০০০.০০০.৩০৩.২৭.০০০৯.২৫.২১২৯, তারিখ: ২৫/০৬/২০২৫ খ্রি.) এবং কারণ দর্শাতে বলা হয়। তিনি গত ২০/০৭/২০২৫ খ্রি. তারিখে অভিযোগনামার জবাব প্রদান করেন; এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য বিএসসিপিএলসি এর স্মারক নং-১৪.৩৪.০০০০.০০০.৩০৩.২৭.০০০৯. ২৫.২৬১৯, তারিখ: ৩০/০৭/২০২৫ খ্রি. মূলে অত্র কোম্পানির কর্মকর্তা জনাব মোহাম্মদ শাখাওয়াত হোসেন, ব্যবস্থাপক (গ্রাহক সেবা) কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা যথাযথভাবে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মো: শিহাব শাহরিয়ার এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়; এবং

যেহেতু, বিএসসিপিএলসি এর স্মারক নং-১৪.৩৪.০০০০.০০০.৩০৩.২৭.০০০৯.২৫.৭৩, তারিখ: ৩০/১১/২০২৫ খ্রি. তারিখ মূলে তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় এবং তিনি গত ১০/১২/২০২৫ খ্রি. তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও এর সাথে সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত পলায়ন (ডেজারশন) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় বিএসসিপিএলসি কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০১৮ এর বিধি ৪৬(২)(গ) ধারা মোতাবেক বহি: বাংলাদেশ ছুটি সমাপ্তির তারিখ থেকে তাকে কোম্পানির চাকরি হতে অপসারণ (Removal from Service) করার সিদ্ধান্ত পরিচালনা পর্যদের ২৫১তম সভায় গৃহীত হয়; এবং

সেহেতু, এক্ষণে বিএসসিপিএলসি কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০১৮ এর বিধি ৪৪(ঙ) মোতাবেক আনীত “পলায়ন (ডেজারশন)” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত প্রবিধানমালার ৪৬(২)(গ) বিধি মোতাবেক বহি: বাংলাদেশ ছুটি সমাপ্তির তারিখ অর্থাৎ ০৬/১০/২০২৪ খ্রি. থেকে জনাব মো: শিহাব শাহরিয়ার, সহকারী ব্যবস্থাপক (চালনা, কক্সবাজার ল্যান্ডিং স্টেশন) কে বিএসসিপিএলসি এর চাকরি হতে অপসারণ (Removal from Service) করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

*Ammin*

০৪-০৪-২০২৬

মোঃ শাখাওয়াত হোসেন

উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)

(অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ১৪.৩৪.০০০০.০০০.৩০৩.২৭.০০০৯.২৫.৮৯/১ (৪)

তারিখ: ২১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৪ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল মহাব্যবস্থাপক, বিএসসিপিএলসি।।
- ২। সকল উপমহাব্যবস্থাপক/কোম্পানি সচিব, বিএসসিপিএলসি।।
- ৩। জনাব মো: শিহাব শাহরিয়ার, সহকারী ব্যবস্থাপক (চালনা, কক্সবাজার ল্যান্ডিং স্টেশন), বিএসসিপিএলসি এবং
- ৪। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)।



*Ammin*

০৪-০৪-২০২৬

মোঃ শাখাওয়াত হোসেন

উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)

(অতিরিক্ত দায়িত্ব)